আনন্দবাজার পত্রিকা 4000/-/2020
29/10/2020

লিশি ভিযানে দ্ধার া-অস্ত্র

স্ব সংবাদদাতা

ট আলাদা আলাদা জায়গা
ল দেশি রিভলভার এবং
বেশি টাকা। কলকাতা
পশ্যাল টাস্ক ফোর্স
র এই অভিযানে ধরা
অস্ত্র কারবারি।
সূত্রের খবর, সোমবার
ারা দক্ষিণ বন্দর থানা
রোডে নজরদারি চালায়।
টা নাগাদ এসটিএফের
দুই যুবক। মোটরবাইক
ই দুই অস্ত্র কারবারিকে
দের থেকে মেলে ধাতব
র ৮টি ওয়ান শটার।
ধৃতদের নাম সুজাত
মহম্মদ শাহিদ। বাড়ি
পুরে। দু'জনকে মঙ্গলবার
লা হলে আগামী ২৮
পুলিশি হেফাজত হয়।
বিশেষ সূত্রে খবর পেয়ে
ষ্টিট থানার সাহায্য নিয়ে
মহম্মদ ইমরান নামে
াড়িতে তল্লাশি চালায়
লিশ জানিয়েছে, সেই
াড়িতে ছিলেন না। তাঁর
ার হয়েছে ১ কোটি ৬২
রতীয় টাকা। এ ছাড়াও
সোনার গয়না, দু'টি
ট স্মার্টফোন। এত টাকা
ল, তার কোনও সদুত্তর
ষ্টিট থানায় অভিযোগ
শুরু করেছে পুলিশ।

খানার ভেঙে এক

সংবাদদাতা

কারখানার ছাদের
ত্যু হল এক যুবকের।
ঘটেছে এন্টালি থানার
মৃতের নাম মহম্মদ
লিশ সূত্রের খবর, ১৭
এই দোতলা বাড়িটিতে
ছিল। কিন্তু দীর্ঘকাল

ডাম্পারে পিষে মায়ের মৃত্যু, অল্পের জন্য রক্ষা শিশুকন্যার

নিজস্ব সংবাদদাতা

অন্যান্য দিনের মতোই সাড়ে তিন বছরের শিশুকন্যাকে নিয়ে স্বামীর সঙ্গে মোটরবাইকে চেপে ফুচকা খেতে বেরিয়েছিলেন এক গৃহবধূ। তাঁদের পিছনেই রাস্তার ডান দিক ঘেঁষে তীব্র গতিতে ছুটে আসছিল বালি বোঝাই একটি ডাম্পার। কিছু বুঝে ওঠার আগেই সেটি বাইকে আচমকা ধাক্কা মারায় নিয়ন্ত্রণ রাখতে পারেননি চালক। মোটরবাইক সুদ্ধ ডাম্পারের নীচে ঢুকে যাওয়ার আগে শেষ মুহূর্তে শিশুকন্যাকে ডান দিকে ঠেলে ফেলে দেন মা। কিন্তু নিজেকে আর সামলাতে পারেননি। ডাম্পারের চাকার নীচে পড়ে যান তিনি। চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় বছর ত্রিশের ওই তরুণীর।

সোমবার রাত সাড়ে ন'টা নাগাদ এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে হাওড়ার বালিটিকুরি বকুলতলা এলাকায় রেল সেতুর নীচে। সঙ্কটজনক অবস্থায় ওই তরুণীর স্বামী মহম্মদ নিসার ও তাঁদের মেয়ে নিমাত পরভিনকে হাওড়া জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ দিকে, দুর্ঘটনার পরেই ডাম্পারের চালক পালিয়ে যাওয়ায় রাস্তাতেই পড়ে ছিল সুলতানা পরভিন (৩০) নামে ওই তরুণীর দেহ। অভিযোগ, দেহ উদ্ধার করতে এসে কয়েকশো বাসিন্দার রোষের মুখে পড়ে পুলিশ। পুলিশকে লক্ষ্য করে শুরু হয় ইটবৃষ্টি। মারধর করা হয় এক পুলিশকর্মীকে। উত্তেজিত বাসিন্দারা পুলিশের গাড়ি ও ডাম্পারটি ভাঙচুর করেন বলেও অভিযোগ। দেড় ঘণ্টা অবরোধ করা হয় হাওড়া-আমতা রোড। শেষে বিশাল পুলিশবাহিনী ও র‍্যাফ নামার পরে পরিস্থিতি কিছুটা শান্ত হয়। মৃতদেহ উদ্ধার করে হাওড়া জেলা হাসপাতালে পাঠায় পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সপ্তাহে দু'-তিন দিন স্বামী ও শিশুকন্যাকে নিয়ে সলপ থেকে দাশনগরের পথে বালিটিকুরি কোয়ার্টার্সের কাছে রাতে ফুচকা খেতে আসতেন সুলতানা। সোমবার রাতেও তাঁরা সেখানে যাচ্ছিলেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ওই এলাকায় রাতে লরি, ট্রাক বা ডাম্পারের চালকেরা নিয়ম না মেনে গাড়ি চালানোয় প্রায়ই দুর্ঘটনা ঘটে। সব জেনেও পুলিশ কিছু করে না। ওই রাতেও একই কারণে দুর্ঘটনা ঘটেছে। এক বাসিন্দা শেখ রাজু বলেন, "রাত ৯টা থেকে 'নো এন্ট্রি' উঠে যাওয়ার সময় হলেও তার আগেই পুলিশকে টাকা দিয়ে ট্রাক, লরি ঢুকে পড়ে। ফলে গোটা রাস্তা যানজটে আটকে তো যায়ই, ঘটে দুর্ঘটনাও।"

ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ডাম্পারটি পিছন থেকে আচমকা বাইকে ধাক্কা মারে। চালক মহম্মদ নিসার রাস্তার ডান দিকে ছিটকে পড়েন। মেয়েকে বাঁচাতে তাকে ডান দিকে ঠেলে ফেলে দেন সুলতানা। কিন্তু তিনি নিজেকে আর সামলাতে পারেননি। তবে নিসার এবং সুলতানার মাথায় হেলমেট ছিল বলে জানিয়েছে পুলিশ।

হাওড়া সিটি পুলিশের এক পদস্থ কর্তা বলেন, "নো এন্ট্রি উঠে যাওয়ার আগে লরি ঢুকতে দেওয়ার অভিযোগ ঠিক নয়। তবে ফাঁকা রাস্তায় অনেক সময়ে বেপরোয়া ভাবে লরি বা ট্রাক চলে। আমরা তার জন্য মামলাও রুজু করি। এই ঘটনায় ডাম্পারটি আটক করা হয়েছে। চালকের খোঁজে তল্লাশি চলছে।"

পূর্ব রেলওয়ে হাসপাতাল, লিলুয়া-তে জিডিএমও পদে কন্ট্রাক্ট মেডিক্যাল প্র্যাকটিশনার নিয়োগ

লিলুয়া-তে পূর্ব রেলওয়ের হাসপাতালে জিডিএমও হিসাবে তিনজন কন্ট্রাক্ট মেডিক্যাল প্র্যাকটিশনার নিয়োগ করা হবে। যথাযথভাবে প্রত্যয়িত সাম্প্রতিক

KHOS
Celebrat Festiva
TR DHA
EMI upto 24 Mon
EMI Starts from ₹999
DOWNPAYM
FREE Gift
Galaxy Fol Mobile wor ₹1,73,99
BUYING COST
32 LED ₹ 8,990 EM
43 LED ₹ 18,490 EM
55 4K LED ₹ 43,500 E
65 4K LED ₹ 53,490 E
All MOBILE
SAMSUNG
ONSPOT CASH BACK ₹ 1,500*
A21s 4GB
BUYING COST
₹ 13,499

4020/cr/2020
194/WBHRC/SMC/2020

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. /25/ /2020

Date: 03. 11. 2020.

Enclosed is the news clippings appeared in the ' Ananda Bazar Patrika', a Bengali daily dated 21.10.2020, the news item is captioned ' ডাম্পারে পিষে মায়ের মৃত্যু, অল্পের জন্য রক্ষা শিশুকন্যার'.

Commissioner of Police, Howrah Police Commissionerate is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 4th December, 2020.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

(Naparajit Mukherjee)
Member

Encl: News Item Dt. 21.10.2020

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.